17

তারিখ 08 JUN 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

18

দৈনিক বাংলা

# প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার প্রক্রিয়া জানুয়ারী থেকে শুরু হবেঃ কাজী জাফর

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন যে, আগামী ১লা জানুয়ারী থেকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হবে।

এ প্রক্রিয়ায় মাধ্যমিক স্কুলগুলিতে মর্নিং শিফট চালুর চিন্তা ভাবনা করা হচ্ছে।

বৃহস্পতিবার জাতীয় সংসদে দেশের মাধ্যমিক উচ্চ বিদ্যালয়গুলিতে দু'শিফট শিক্ষা চালু করা সংক্রান্ত একটি সিদ্ধান্ত প্রস্তাবের আলোচনার জবাবদান কালে প্রধানমন্ত্রী একথা বলেন।

কপ-সদস্য জনাব এম এ গোফরান (লক্ষীপুর-১) এই সিদ্ধান্ত প্রস্তাবটি উথাপন করেন।

উল্লেখ্য, গতকাল বেসরকারী সদস্য দিবসে ৩টি সিদ্ধান্ত প্রস্তাব উথাপিত হয়।

অন্য ২টি সিদ্ধান্ত প্রস্তাবের বিষয়

(৫-এর পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

( প্রথম পৃষ্ঠার পর )

বস্তু ছিল বাংলাদেশে সরকারী চাকরিতে প্রথম প্রবেশের সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স সীমা যথাক্রমে ১৮ এবং ৩০ বছর নির্ধারণ এবং কক্সবাজার পর্যটন এলাকায় আরো ২টি পুলিশ ফাঁড়ি স্থাপনের প্রস্তাব। এ দু'টি সিদ্ধান্ত প্রস্তাব উথাপন করেন যথাক্রমে সতন্ত্র সদস্য জনাব এম এ হান্নান (সিলেট-৪) এবং সরকার দলীয় সদস্য উইং কমান্ডার (অবঃ) জহিরুল ইসলাম। আলোচনার পর জনাব এম এ গোফরান ও উইং কমান্ডার (অবঃ) জহিরুল ইসলামের আনীত ২টি সিদ্ধান্ত প্রস্তাব প্রত্যাহৃত হয় এবং জনাব এম এ হান্নানের আনীত সিদ্ধান্ত প্রস্তাবটি ধ্বনি ভোটে নাকচ হয়ে যায়।